

বাংলাদেশ সুপ্রীম কোর্ট
আপীল বিভাগ, ঢাকা
www.supremecourt.gov.bd

বিজ্ঞপ্তি

বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগে 'এম.এল.এস.এস' ও 'চৌকিদার' পদে সরাসরি নিয়োগের নিমিত্ত মৌখিক পরীক্ষা নিম্নবর্ণিত সময়সূচী অনুসারে অনুষ্ঠিত হবে :

পরীক্ষার তারিখ, বার ও সময়	পদের নাম	রোল পরিসর	পরীক্ষার্থীর সংখ্যা	রিপোর্টিং এর স্থান
২১/০১/২০২৫ খ্রিঃ মঙ্গলবার সকাল ৯:৩০ ঘটিকা	এম.এল.এস.এস	১৪০০০০১-১৪০০০৭০	৭০	বাংলাদেশ সুপ্রীম কোর্ট অডিটোরিয়াম
২২/০১/২০২৫ খ্রিঃ বুধবার সকাল ৯:৩০ ঘটিকা	এম.এল.এস.এস	১৪০০০৭১-১৪০০১৪০	৭০	বাংলাদেশ সুপ্রীম কোর্ট অডিটোরিয়াম
২৩/০১/২০২৫ খ্রিঃ বৃহঃবার সকাল ৯:৩০ ঘটিকা	এম.এল.এস.এস	১৪০০১৪১-১৪০০২১০	৭০	বাংলাদেশ সুপ্রীম কোর্ট অডিটোরিয়াম
২৬/০১/২০২৫ খ্রিঃ রবিবার সকাল ৯:৩০ ঘটিকা	এম.এল.এস.এস	১৪০০২১১-১৪০০২৮০	৭০	বাংলাদেশ সুপ্রীম কোর্ট অডিটোরিয়াম
২৭/০১/২০২৫ খ্রিঃ সোমবার সকাল ৯:৩০ ঘটিকা	এম.এল.এস.এস	১৪০০২৮১-১৪০০৩৪৯	৬৯	বাংলাদেশ সুপ্রীম কোর্ট অডিটোরিয়াম
২৮/০১/২০২৫ খ্রিঃ মঙ্গলবার সকাল ৯:৩০ ঘটিকা	চৌকিদার	১৫০০০০১-১৫০০০৬১	৬১	বাংলাদেশ সুপ্রীম কোর্ট অডিটোরিয়াম

শর্তাবলী

- (ক) পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে <http://supremecourt.teletalk.com.bd> লিংক হতে ইতোমধ্যে SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহারের মাধ্যমে প্রবেশপত্র ডাউনলোড করে সঙ্গে আনতে হবে এবং অবশ্যই প্রার্থীর আবেদনপত্রে উল্লেখিত শিক্ষাগত যোগ্যতা ও কোটা (যদি থাকে) এর সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্মসনদ (বয়সের প্রমাণস্বরূপ) এবং অন্যান্য কাগজপত্রের মূলকপি ও ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি সঙ্গে আনতে হবে।
- (খ) চাকরিরত প্রার্থীগণকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনাপত্তি সনদ সঙ্গে আনতে হবে।
- (গ) প্রবেশপত্র ব্যতীত কোন পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হবে না।
- (ঘ) পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।
- (ঙ) পরীক্ষার্থী কর্তৃক পরীক্ষায় কোনো প্রকার অসদুপায় অবলম্বন বা প্রতারণা পরীক্ষার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- (চ) মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- (ছ) Online এ আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে। বিধায় উক্ত মোবাইল ফোন সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক ভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(শেখ মোহাঃ আমীনুল ইসলাম)

অতিরিক্ত রেজিস্ট্রার,
আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট

ও

সদস্য সচিব


সরাসরি নিয়োগ সংক্রান্ত কমিটি

স্মারক নং-৫৩ (১-৭)/২০২৫ এসসি(এডি)

তারিখ : ০৯/০১/২০২৫ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। রেজিস্ট্রার, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা
- ২। অতিরিক্ত রেজিস্ট্রার, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা
- ৩। ব্যবস্থাপক, মার্কেটিং এন্ড ভ্যালু এডেড সার্ভিস, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, রোড নং-১৭, গুলশান-১, ঢাকা-১২১২ (ব্যবহারিক পরীক্ষার সময়সূচী সংক্রান্ত বিজ্ঞপ্তিটি <http://supremecourt.teletalk.com.bd> এ প্রকাশ এবং সংশ্লিষ্ট প্রার্থীগণের মোবাইল ফোন নম্বরে এস.এম.এস প্রেরণের অনুরোধসহ)
- ৪। প্রোগ্রামার, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ)
- ৫। কোর্ট অফিসার, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা
- ৬। সুপারিনটেনডেন্ট, প্রশাসন শাখা, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা (আপীল বিভাগের নোটিশ বোর্ড সমূহে প্রচারের জন্য বলা হলো)
- ৭। অফিস কপি


(শেখ মোহাম্মদ আমিনুল ইসলাম)
অতিরিক্ত রেজিস্ট্রার